গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
www.sirajganjsadar.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.৩৩.০০১.২০.১৩১

তারিখ : ১০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২১খ্রি.

# পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ সদর উপজেলার মহল্লাদারের(গ্রাম পুলিশের) শুন্য পদে লোক নিয়োগের নিমিত্ত এ কার্যালয়ের ১৫ ডিসেম্বর ২০২০খ্রি. তারিখের-০৫.৪৩.৮৮৭৮.০০০.৩৩.০০১.২০.২২০৫ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক প্রাপ্ত দরখাস্তের অধিকাংই অসম্পূর্ণ/ত্রুটিপূর্ন মর্মে বাতিল হওয়ায় নিয়োগ কার্যক্রম অধিকতর প্রতিযোগিতামূলকভাবে অনুষ্ঠানের জন্য নিম্মবর্ণিত ইউনিয়ন সমূহের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্থানীয় সরকার (ইউনিয়ের পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ মোতাবেক মহল্লাদারের(গ্রাম পুলিশ) শুন্য পদে অস্থায়ীভাবে পুরুষ/মহিলা নিয়োগের নিমিত্ত পূন: দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | শুন্য পদের সংখ্যা | পদের নাম | বেতন | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | রতনকান্দি | ৩, ৬ | ০২ | মহল্লাদার (গ্রাম পুলিশ) | সরকারি বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | বাগবাটি | ৮ | ০১ | | | | |
| ০৩ | বহুলী | ১, ৬ | ০২ | | | | |
| ০৪ | মেছড়া | ১, ২, ৬ | ০৩ | | | | |
| ০৫ | কাওয়াকোলা | ৩, ৮ | ০২ | | | | |
| ০৬ | সয়দাবাদ | ৪, ৫ | ০২ | | | | |

## শর্তাবলী :

০১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং স্ব স্ব ইউনিয়নের/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২) স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম(বাঙলা ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা(ইউনিয়ন ও ওয়ার্ডের নামসহ) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (২৪/০১/২০২১খ্রি.তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা(যদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে। তবে যারা পূর্বে আবেদন করেছে তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

০৩) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্ধারিত সরকারী ও ইউ.পি অংশের বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৪) ২৪/০১/২০২১খ্রি. তারিখ প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।

০৫) গ্রাম পুলিশের পোষ্য হলে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ দেয়া হবে।

০৬) আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর অনুকূলে ৩০০/-(তিনশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৭) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফিট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক), ৩২ ইঞ্চি(সম্প্রসারণ) এবং সর্বনিম্ম ওজন ৫০ কেজি হেত হবে।

০৮) মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক) ৩০ ইঞ্চি(সম্প্রসারণ) এবং সর্বনিম্ম ওজন ৪৫ কেজি হতে হবে।

০৯) আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ১ম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সীলমোহর থাকতে হবে।

১০) মহল্লাদার পদের বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১১) নিয়োগের ক্ষেত্রে উপযুক্ত বিবেচিত হলে মৃত ও অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার স্বপক্ষে উপযুক্ত প্রমানাদীর সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

১২) প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধনের সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ ক্ষেত্রে কোন তথ্য গোপন করলে বা জালিয়াতি প্রমানিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরোজগঞ্জকে সম্বোধন আবেদন করতে হবে এবং আবেদনপত্র আগামী ১০/০২/২০২১খ্রি. তারিখ, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে এ অফিসে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর অবশ্যই পদের নাম, ইউনিয়নের নাম, ওয়ার্ড নং ও কোটার নাম(যদি থাকে) উল্লেখ করতে হবে।

১৪) সঠিক ও নির্ভুল ঠিকানায় ইন্টারভিউ কার্ড ইস্যু করার লক্ষ্যে প্রার্থীকে তার সঠিক ডাক ঠিকানা সম্বলিত অব্যবহৃত ১০/-টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি অফেরৎযোগ্য খাম সংযুক্ত করতে হবে।

১৫) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ন আবেদন সরাসরি বাতিল বলে গন্য হবে।

১৬) নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৭) যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮) কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষের গোচরীভূত হওয়া মাত্রই কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকেই নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৯) চাকুরীর জন্য কোন ধরনের লিখিত/মৌখিক তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

28/12/2020

(মোঃ আনোয়ার পারভেজ)
পরিচিতি নং-১৬৭৯২
উপজেলা নির্বাহী অফিসার
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
☎ ০৭৫১-৬২১৩০
E-mail- unosirajganj@mopa.gov.bd

28/12/2020

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।

০৩। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

০৫। অফিসার ইনচার্জ, সিরাজগঞ্জ থানা, সিরাজগঞ্জ।

০৬। উপজেলা ................................কর্মকর্তা(সকল), সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো।

০৭। চেয়ারম্যান/সচিব,...................................ইউ.পি(সকল), সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউ.পি অফিসের নোটিশ বোর্ডে টাঙিয়ে এবং ইউনিয়নের গুরুত্বপূর্ন স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে আপলোড করে এবং হাট-বাজারে বহুল প্রচার করে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................... ইউনিয়ন ভূমি অফিস, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৯। নোটিশ বোর্ড।

১০। অফিস কপি।